



ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ

ব্যবস্থাপনা পরিচালকের কার্যালয়

ওয়াসা ভবন

৯৮, কাজী নজরুল ইসলাম এভিনিউ, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

Website: www.dwasa.org.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.১১৩.২০৮.০০.১৩.০২৩.২০২৩-১০৪৩

তারিখঃ ০৭/০৫/২০২৩

নিয়োগ বিজ্ঞপ্তি

ঢাকা ওয়াসার নিম্নবর্ণিত সরাসরি নিয়োগযোগ্য শূণ্য পদে উপযুক্ত প্রার্থী নিয়োগের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে অনলাইনের মাধ্যমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

ক্রঃ নং	পদের নাম	শূণ্য পদের সংখ্যা	৩১/০৫/২৩ তারিখে বয়স	বেতনস্কেল (২০১৫ অনুযায়ী)	শিক্ষাগত যোগ্যতা
০১.	সহকারী মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার (হার্ডওয়্যার)	১টি	অনুর্ধ্ব ৩০ বছর	২২,০০০-৫৩,০৬০/-	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার সায়েন্স/কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রোনিয় ইঞ্জিনিয়ারিং/ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যান্য দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রী; (খ) শিক্ষা জীবনে সকল স্তরে দ্বিতীয় বিভাগ/শ্রেণী থাকিতে হইবে; এবং (গ) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত স্ট্যান্ডার্ড এ্যাপটিটিউড টেস্টে উত্তীর্ণ হইতে হইবে।
০২.	সহকারী মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার (নেটওয়ার্ক)	১টি	অনুর্ধ্ব ৩০ বছর	২২,০০০-৫৩,০৬০/-	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার সায়েন্স/কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রোনিয় ইঞ্জিনিয়ারিং/ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যান্য দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রী; (খ) শিক্ষা জীবনে সকল স্তরে দ্বিতীয় বিভাগ/শ্রেণী থাকিতে হইবে; এবং (গ) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত স্ট্যান্ডার্ড এ্যাপটিটিউড টেস্টে উত্তীর্ণ হইতে হইবে।

সাধারণ প্রয়োজনীয় তথ্যাবলী :

- ০১। দরখাস্ত গ্রহণের শেষ তারিখ ৩১/০৫/২০২৩।
- ০২। প্রার্থীদের বয়সসীমা সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বছর হতে হবে। বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য হবে।
- ০৩। চাকুরীরত প্রার্থীদেরকে স্ব স্ব নিয়োগ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত প্রেরণ করতে হবে।
- ০৪। আগ্রহী প্রার্থীদেরকে ঢাকা ওয়াসার ওয়েব সাইট www.dwasa.org.bd এ অনলাইনের মাধ্যমে আবেদন করতে হবে। নির্ধারিত তারিখের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবেনা।
- ০৫। আগ্রহী প্রার্থীদের নির্ধারিত ছকে জীবন বৃত্তান্ত, শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের কপি, সম্প্রতি তোলা পাসপোর্ট আকারের রঙিন ছবি, জাতীয় পরিচয় পত্রের ফটোকপিসহ আগামী ৩১/০৫/২০২৩ তারিখের মধ্যে অনলাইনে আবেদন করতে হবে।
- ০৬। প্রার্থীদের লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। মৌখিক পরীক্ষার সময় সকল শিক্ষাগত যোগ্যতার মূল সার্টিফিকেট প্রদর্শন করতে হবে।
- ০৭। প্রার্থীকে অনলাইনের মাধ্যমে ৫০০/- টাকা ঢাকা ওয়াসার অনুকূলে প্রেরণ করতে হবে (অনলাইনে প্রদর্শিত নির্দেশনা অনুযায়ী)।
- ০৮। নিয়োগ সংক্রান্ত সকল ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন এবং এ নিয়োগ বিজ্ঞপ্তি যে কোন সময় আংশিক বা সম্পূর্ণ বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। কর্তৃপক্ষ প্রয়োজনে পদ সংখ্যা কম বা বেশী করতে পারেন।

স্বাক্ষরিত/-

সচিব

ঢাকা ওয়াসা